# বৃত্তি

# বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ডের বৃত্তি, আবেদন কীভাবে

#### প্রথম আলো ডেস্ক



#### বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ডের বৃত্তি, আবেদন কীভাবে

### আবেদনকারীর যোগ্যতা

- বাংলাদেশি শিক্ষার্থীরা বিদেশের শিক্ষাপ্রতিষ্ঠানে পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রির (স্নাতক/ স্নাতকোত্তর/ পিএইচডি) জন্য ২০২৩ সালের ১ এপ্রিল থেকে এ বছরের ৩০ জুন পর্যন্ত সময়ে শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি হলে।
- এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতিপূর্বে ভ্রমণ মঞ্জুরি না পেয়ে থাকলে।
- বিদেশে উচ্চশিক্ষার জন্য আবেদনকারী দেশি বা বিদেশি অন্য কোনো উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/ এয়ার টিকেট না পেয়ে থাকলে।

## আবেদনের পদ্ধতি—

পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে ওপরে উল্লিখিত সময়ে বিদেশের শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি হওয়া বাংলাদেশি শিক্ষার্থীরা অনলাইনে
এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। আবেদনের আগে প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করতে হয়। কাগজপত্র প্রস্তুতি
শেষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের http://bstf.erd.gov.bd লিংক ব্যবহার করে রেজিস্ট্রেশন করে নির্ধারিত ফরম
পূরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

- বিদোশ বিশ্ববিদ্যালয়ের ইস্যু করা বৃত্তির লেটার; ওই বৃত্তির চিঠিতে বিশ্ববিদ্যালয়ে নাম, বৃত্তি প্রাপ্তি ব্যক্তির নাম ও তারিখ <sup>6/25/24</sup>, <u>12:17 PM</u> থাকতে হরে।
- বর্তমান শিক্ষাপ্রতিষ্ঠান/ অন্য কোনো উৎস থেকে ভ্রমণ ব্যয়় প্রদান করা হয়নি বা হবে না মর্মে সনদপত্র।
- প্রার্থীর নাম সংবলিত পাসপোর্টের পেজসহ বাংলাদেশ ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত বিদেশ যাওয়া ও সংশ্লিষ্ট দেশের ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত দেশে আসার সিল সংবলিত পাসপোর্ট পেজ;
- এয়ার টিকেট (বাস/ ট্রেনের টিকেট শুধু ভারতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) এবং ভ্রমণ ব্যয়ের রশিদ।
- সব শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র।
- জাতীয় পরিচয়পত্রের কপি/ জন্মনিবন্ধন সনদ।
- বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফাল্ডের ওয়েবসাইটে http://bstf.erd.gov.bd লগইন করার ক্ষেত্রে নিজস্ব ই-মেইল ব্যবহার
  করতে হবে।
- পাসপোর্ট সাইজের ছবি (300x300 Pixel);
- নিজ স্বাক্ষরের স্ক্যান কপি (300x80 Pixel);

 আগামী ১ জুলাই বাংলাদেশ সময় সকাল ৯টায় আবেদন শুরু হবে। আগামী ৩১ জুলাই রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করতে পারবেন আগ্রহী প্রার্থীরা।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো





সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো